১১/৮/২০০১

দৈনিক ইনকিলাব

তারিখ ...................
পৃষ্ঠা ৮ কলাম ৬

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের দ্বিধাবিভক্ত কর্মসূচী

# সমঝোতা বৈঠক ব্যর্থ ঃ আজ থেকে লাগাতার ধর্মঘটের ডাক দিয়েছে ছাত্র শিবির

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** দাবীনামা নিয়ে পরিবেশ পরিষদ ও প্রশাসনের সাথে শিবিরের সর্বশেষ বৈঠক ব্যর্থ হয়েছে। ফলে আজ (শনিবার) থেকে লাগাতার ধর্মঘটের কবলে পড়ছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

ক্যাম্পাস সূত্র জানায়, ধর্মঘট পালনে শিবিরের সর্বাত্মক প্রস্তুতির প্রেক্ষাপটে পরিবেশ পরিষদের আহ্বায়ক ড. মোহাম্মদ মাহবুবু উল্লাহ শিবিরের সাথে জরুরী সমঝোতা বৈঠকের উদ্যোগ নেন। গতকাল (শুক্রবার) বিকালে ভিসির ভবনে অনুষ্ঠিত বৈঠকে প্রোক্টারাল বডি, সিন্ডিকেট সদস্য, ডীন ও হল প্রভোস্টগণ উপস্থিত ছিলেন। বৈঠকে শিবিরের ১০ দফা নিয়ে আলোচনাকালে পরিবেশ পরিষদসহ সংশ্লিষ্টগণ শিবিরকে ধর্মঘট প্রত্যাহারের অনুরোধ জানায়। শিবিরের পক্ষে প্রতিনিধি দলের নেতা ভার্সিটি শাখার সেক্রেটারী দিদারুল আলম মজুমদার বৈঠকে স্পষ্টভাষায় দাবী করেন– শাহজালাল ও আমানত হলকে অস্ত্রধারী ক্যাডারমুক্ত করে সেখানে বৈধ ৩-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ছাত্রদলের দ্বিধাবিভক্ত কর্মসূচী

৮-এর পৃষ্ঠার পর

ছাত্রদের তুলে দিতে হবে, বিতর্কিত প্রোক্টরকে অপসারণ এবং ৩ জন শিবির নেতার খুনীদের গ্রেফতার করতে হবে, অন্যথায় ধর্মঘট চলবে। শিবিরের এই কঠোর অবস্থানের প্রেক্ষিতে সমঝোতায় পৌছা সম্ভব হয়নি। পরে শিবিরের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, আজ শনিবার থেকে বিশ্ববিদ্যালয়ে লাগাতার ধর্মঘট চলবে। ধর্মঘট চলাকালে সকল ক্লাস, পরীক্ষা, বাস, ট্রেন ও অফিসাদি বন্ধ থাকবে। এ ব্যাপারে শিবির সভাপতি আলাউদ্দিন শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত জরুরী সভায় জানানো হয়, ১০ দফা দাবী আদায় না হওয়া পর্যন্ত ধর্মঘট চলবে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় াবাসিক ছাত্র উন্নয়ন পরিষদের অপর এক ভায় ধর্মঘটের প্রতি একাত্মতা ঘোষণা করা য়।

দিকে চ.বি. পরিস্থিতিতে ছাত্রদল দ্বিধাবিভক্ত ৎপরতা শুরু করেছে। অনুষ্ঠিত হয়েছে থক পৃথক বৈঠক। গতকাল (শুক্রবার) ফরদৌস মোরশেদ খান স্বাক্ষরিত এক প্রেস বজ্ঞপ্তিতে জানান হয়, চ.বি. ছাত্রদলে এক রুরী সভা শহরের অস্থায়ী কার্যালয়ে ুজাউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। ভায় ছাত্রদলের ৮ দফা দাবী পূরণ না হওয়ায় পূর্বঘোষিত কর্মসূচীর অংশ হিসেবে ১২ আগস্ট থেকে ভার্সিটিতে লাগাতার ধর্মঘট পালনের সিদ্ধান্ত নেয়া হয়। অপর দিকে মাহফুজুল হক কাউসার স্বাক্ষরিত পৃথক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, চ.বি. ছাত্রদলের এক জরুরী সভা এমআর মিলটন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়েছে। সভায় ছাত্রদলের ৬ দফা দাবী আগামী ১৭ আগস্টের মধ্যে মেনে না নিলে ১৮ আগস্ট থেকে ধর্মঘটসহ বৃহত্তর আন্দোলনের হুমকি দেয়া হয়। প্রেস বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, দীর্ঘ ১ বছর যাবৎ চ.বি. ছাত্রদলের কোন কমিটি না থাকায় কার্যক্রম চালিয়ে যাওয়ার জন্য সামশুল হোসাইনকে আহবায়ক করে ১১ সদস্য বিশিষ্ট ওয়ার্কিং কমিটি গঠন করা হয়েছে।